



মুজিববর্ষের অঙ্গীকার
EFD তে NBR

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)
বাড়ী নং-২১, রোড নং-২৭, সেক্টর নং-০৭, উত্তরা, ঢাকা-১২৩০
www.dknvat.gov.bd

অনলাইনে রেজিস্ট্রেশনের জন্য ভিজিট করুন
www.vat.gov.bd

আদেশ

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), সদর দপ্তর, ঢাকায় কর্মরত সহকারী রাজস্ব কর্মকর্তা জনাব মোঃ সাইফুল ইসলাম (জন্ম তারিখ-০১/০১/১৯৮৭খ্রিঃ) ভারতের ধর্মীয় স্থান পরিদর্শনের লক্ষ্যে ১৬/০৭/২০২৩খ্রিঃ হতে ৩০/০৭/২০২৩খ্রিঃ তারিখ পর্যন্ত অথবা ছুটি ভোগের তারিখ হতে ১৫ (পনের) দিনের বহিঃ বাংলাদেশ ছুটি মঞ্জুরের জন্য মাধ্যমে আবেদন করেছেন। আবেদনের পরিপ্রেক্ষিতে, তাঁকে ভারতের ধর্মীয় স্থান পরিদর্শনের লক্ষ্যে ভারত গমনের অনুমতিসহ ১৬/০৭/২০২৩খ্রিঃ হতে ৩০/০৭/২০২৩খ্রিঃ তারিখ পর্যন্ত অথবা ছুটি ভোগের তারিখ হতে ১৫ (পনের) দিনের বহিঃ বাংলাদেশ ছুটি নিম্নোক্ত শর্তে মঞ্জুর করা হলো:

- (ক) প্রধানমন্ত্রীর কার্যালয়ের পরিপত্র নং-০৩.০৬৯.০২৫.০৬.০০.০০৩.২০১১-১৪৪(৫০০), তারিখ-১৯/০৬/২০১১খ্রিঃ ও জাতীয় রাজস্ব বোর্ডের পরিপত্র নং-০৮.০১.০০০০.০১৩.১৬.০০১-১৫/৩১৬(৬), তারিখ-২৫/০৩/২০১৫খ্রিঃ অনুসরণে এ অনুমতি প্রদান করা হলো;
- (খ) এটি ব্যক্তিগত ভ্রমণ হওয়ায় তিনি সরকারী খাত হতে কোন প্রকার আর্থিক সুবিধা ও সরকারীভাবে কোন বৈদেশিক মুদ্রা মঞ্জুরি পাবেন না;
- (গ) তাঁর বিদেশে অবস্থানকালীন বাংলাদেশ সরকারের দেশী ও বৈদেশিক মুদ্রায় কোন অর্থ ব্যয় হবে না অর্থাৎ এই ছুটি মঞ্জুরি আদেশে সরকারের কোন আর্থিক সংশ্লেষ নেই;
- (ঘ) আরও শর্ত থাকে যে, মঞ্জুরিকৃত বহিঃ বাংলাদেশ (অর্জিত) ছুটি কোন অবস্থাতেই বর্ধিত করা যাবে না এবং ছুটিকালীন বেতন তিনি বাংলাদেশী মুদ্রায় পাবেন;
- (ঙ) ছুটি ভোগের তারিখ ছুটিতে গমনের ০২ (দুই) দিন পূর্বে এই দপ্তরকে অবহিত করবেন; এবং
- (চ) এই অনুমতিপত্র জারির তারিখ হতে ০৩(তিন) মাস পর্যন্ত বলবৎ থাকবে।

ওয়াহিদা রহমান চৌধুরী
কমিশনার

ফোন: ০২-৪৮৯৫৮১১৫

ই-মেইল: commdkn@yahoo.com

তারিখ- ০৭/০৬/২০২৩

নথি নং-২(২৩)-০২/ঢাকা উত্তর/জঃপ্রঃ/সদর/৪১/২০২১/১২৩ (৭)

অনুলিপি অবগতির জন্য-

- ১। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। অতিরিক্ত কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।
- ৩। যুগ্ম-কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।
- ৪। ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর/বেনাপোল।
- ৫। জনাব মোঃ সাইফুল ইসলাম, সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।
- ৬। পি.এ.টু কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

ফাহিমদা মাহ্জাবীন
ডেপুটি কমিশনার